দৈনিক সংবাদ

তারিখ ... 28 JUL 1995
পৃষ্ঠা ৯ কলাম 2

65

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

# প্রধান শিক্ষা কর্মকর্তা চাকরিচ্যুত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৭শে জুলাই।– চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ শহীদুল্লাহকে চাকরিচ্যুত করা হয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত কমিটির রিপোর্টে প্রমাণিত হওয়ায় কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আজ এক অফিস আদেশমূলে তার চাকরিচ্যুতির নির্দেশ দেন।

জানা যায়, প্রধান শিক্ষা কর্মকর্তা পদটি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য, এ পদে বিএড ডিগ্রি বাধ্যতামূলক হলেও তার কোনটাই না থাকা সত্ত্বেও শহীদুল্লাহকে সরাসরি উক্ত পদে নিয়োগ করা হয়েছিল সাবেক মেয়র মীর নাসিরের নির্দেশে। শহীদুল্লাহ উত্তর জেলা বিএনপি'র যুগ্ম সম্পাদক।